উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারী-২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ সাকিব-আল-রাব্বি, উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর ।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নলডাঙ্গা,নাটোর ।

তারিখ ঃ ১১.০২.২০১৯ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ টা ।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট ''ক''

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে মুক্ত আলোচনায় অংশ গ্রহণের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ জানান। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক.উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে আলোচনা	১.সভাপতি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখার জন্য নলডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (তদন্ত) জনাব মো: শফিকুর রহমান কে অনুরোধ জানান। তিনি জানান উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। জানুয়ারী- ২০১৯ মাসের অপরাধ চিত্র সভায় উপস্থাপন করা হয়। অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় জানুয়ারী- ২০১৯ মাসে নলডাঙ্গা থানায় মোট ১০ টি মামলা দায়ের হয়েছে। মাদক ০৯ টি, অন্যান্য বিষয়ে ০১ টি মামলা হয়েছে। খুন, অপহরণ, ডাকাতি, চুরি, ধর্ষণ, সিঁধেল চুরি, এসিড নিক্ষেপ, চোরাচালান সংক্রান্ত কোন মামলা হয়নি। আলোচনাকালে তিনি আরো জানান যে, নলডাঙ্গা উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। তিনি আরোও জানান যে, মাদক, জংগীবাদ, জুয়ায় জিরো টলারেন্স আনতে হবে । প্রতিটি ইউনিয়নে মাদক নির্মূল কমিটি গঠন করে মাদকের বিরোধী কার্যক্রম জোরদার করা হবে । এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা চান । মাদক ও জুয়ার বিষয়ে কোন তদবীর না করার জন্য অনুরোধ জানান । এ সমস্ত কাজে কোন পুলিশ সদস্য সম্পৃক্ত থাকলে তাও জানানোর জন্য অনুরোধ জানান ।	১) মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখা সিদ্ধান্ত গৃহিত হয় ।	১) অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা
	২. জনাব মোঃ মামুনুর রশীদ, সাধারণ সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, নলডাঙ্গা জানান যে, উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি জানান মাদক সেবীর সংখ্যা কমে যাচ্ছে । কয়েক দিনে পূর্বে আতিক নামের মাদক সেবককে পুলিশ ধরলে মাদক বিক্রেতা নয়ন সংবাদ দাতাকে হুমকি প্রদান করে । এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান ।	২. মাদক নির্মুলে বাধা সৃষ্ঠিকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	২. অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা ।

	৩.জনাব মোঃ মামুনুর রশিদ তোতা, সহঃ অধ্যাপক, তিনি জানান উপজেলার বিভিন্ন স্থানে খেজুরের কাঁচা রস বিক্রয় হচ্ছে । কয়েক দিন পূর্বে পিপরুল ইউনিয়নের মদনহাট পাবনাপাড়া গ্রামে ০১জন খেজুরের রস খেয়ে নিপা ভাইরাসে আক্রান্ত হয়ে রাজশাহী হাসপাতালে চিকিৎসাধীন আছে । কাঁচা খেজুরের রস বিক্রয় না করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান ।	৩. কাঁচা খেজুরের রস না খাওয়ার জন্য ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহিত গৃহিত হয়।	৩. মেয়র/নলডাঙ্গা পৌরসভা/ চেয়ারম্যান,সকল ইউপি/ সকল সুধিজন ।
	৪। জনাব মোঃ রইছ উদ্দিন রুবেল, সদস্য, জেলা পরিষদ, নাটোর জানান যে, ইদানিং বিভিন্ন স্থানে ভিন্ন কায়দায় জুয়া খেলা হচ্ছে । মাদকের ন্যায় জুয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান । ৫। জনাব মোঃ মামুনুর রশীদ, প্রধান শিক্ষক, নলডাঙ্গা সরকারী উচ্চ বিদ্যালয় জানান যে, গত ১.০২.২০১৯ খ্রিঃ তারিখ হতে এসএসসি/দাখিল পরীক্ষা, ২০১৯ শুরু হয়েছে। সুষ্ঠ, সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । অবশিষ্ট পরীক্ষাগুলি সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহযোগিতা প্রদানের জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান । ৬. জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা জানান যে, মাদক নির্মুলের জন্য ০৫টি ইউনিয়নে মাদক বিরোধী সমাবেশ করা হলে মাদক নির্মুলে সহায়ক হবে । ৭. সভাপতি জানান যে, নদীর অবৈধ স্থাপনা আগামী ০৭ দিনের নিজ দায়িত্বে সরিয়ে নেওয়ার জন্য অনুরোধ জানান নতুবা উচ্ছেদ করা হবে । প্রতিনিয়ত কৃষি জমি কমে যাচ্ছে । কৃষি জমি রক্ষার্থে সকল পুকুর কাটা নিষেধ করা হয়েছে । ভেক্যু দিয়ে পুকুর না কাটার জন্য সকলকে অনুরোধ জানান ।	৪. জুয়া সংঘটিত হলে ৯৯৯ কল করে জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। ৫। সকল পাবলিক পরীক্ষায় সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হলো । ৬. প্রতি ইউনিয়নে মাদক বিরোধী সমাবেশ করার সিদ্ধান্ত গৃহিত হলো । ৭. নদীর সকল প্রকার অবৈধ স্থাপন ভেংগে ফেলার সিদ্ধান্ত গৃহিত হল এবং কৃষি জমিতে পুকুর না কাটার সিদ্ধান্ত গৃহিত হলো ।	৪. সকল সুধিজন ৫. সকল সুধিজন ৬. মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সকল/ সকল সুধিজন ।
খ. ইউনিয়ন আইন-শৃংখলা পরিস্থিতি	১.সভাপতি ইউনিয়ন পরিষদ সমূহের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে উপস্থিত ইউ,পি চেয়ারম্যানগণ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা আবশ্যিকভাবে অনুষ্ঠান পূর্বক সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।	১. প্রতিমাসে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান আবশ্যিকভাবে নিশ্চিত পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	১. ইউ,পি চেয়ারম্যান (সকল).
	২. জনাব মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ৩নং খাজুরা ইউপি জানান যে, জমি রেজিষ্ট্রেশনে মোহরার গণ অতিরিক্ত অর্থ আদায় করছে । এতে সাধারণ মানুষ সর্বশান্ত হচ্ছে । সরকার নির্ধারিত ফি দিয়ে জমি রেজিষ্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান ।	২.সরকার নির্ধারিত ফি দিয়ে জমি রেজিষ্ট্রেশনের ব্যবস্থা গ্রহণের জন্য সাব-রেজিষ্ট্রার, নাটোরকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো ।	২.উপজেলা নির্বাহী অফিসার নলডাঙ্গা ।

ক্রমশ পাতা

ঘ আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হলো ঃ-

১ হালতির বিলে অবৈধ [illegible] মাছ শিকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ [illegible] উপজেলা মৎস্য অফিসার, নলডাঙ্গাকে অনুরোধ করা হলো ।

২ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটির কার্যক্রম গতিশীল করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলডাঙ্গা কে অনুরোধ করা হলো ।

৩. বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে ১০৯, ৩৩৩, ৯৯৯ নম্বরে মোবাইল ফোনের মাধ্যমে অভিযোগ জানানোর বিষয়ে বহুল প্রচার করার জন্য সকল দপ্তর প্রধান/সকল ইউপি/ সুধিবৃন্দগণকে অনুরোধ করা হলো ।

৪. অননুমোদিতভাবে ভেক্যু দিয়ে পুকুর না কাটার জন্য অনুরোধ করা হলো ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সাকিব-আল-রাব্বি)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর
ফোন নং-০৭৭৩২-৫১০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর
naldanga.natore.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৯৫৫.০০০.১১.০২৬.১৫-১৩২ (২৫) তারিখঃ ২৯-১০-১৪২৫ বাং
১১-০২-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৫৯ নাটোর-২।
২। জেলা প্রশাসক, নাটোর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
৪। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
৫। উপজেলা----------------------------------অফিসার, নলডাঙ্গা, নাটোর।
৬। চেয়ারম্যান, ব্রহ্মপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘড়িয়া ইউ, পি, নলডাঙ্গা, নাটের।
৭। জনাব---

(মোঃ সাকিব-আল-রাব্বি)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা,নাটোর
ফোন নং-০৭৭৩২-৫১০০১
ই-মেইল:unonaldanga@mopa.gov.bd